

বিষয়: পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

নিম্নোক্ত জরুরি বিজ্ঞপ্তিটি একদিন বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ এবং প্রকাশিত বিজ্ঞপ্তির প্রত্যেকটির ০১ (এক)টি করে কপি অত্র শাখায় প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

**পবিত্র ঈদুলফিতর উপলক্ষ্যে নিরাপদ যাত্রা ও দুর্ঘটনারোধে সড়কে শৃঙ্খলা
রক্ষার্থে সতর্কীকরণ বিজ্ঞপ্তি**


- ইজিবাইক, সকল প্রি-হইলার, অযান্ত্রিক বাহন ও ত্রুটিপূর্ণ যানবাহন মহাসড়কে চালাবেন না;
- অতিরিক্ত যাত্রী বহন করবেন না ও পণ্যবাহী যানবাহনে যাত্রী ওঠাবেন না;
- গণপরিবহনে অতিরিক্ত ভাড়া আদায় করবেন না;
- গতিসীমা মেনে চলুন। বেপরোয়া ও অতিরিক্ত গতিতে গাড়ি চালাবেন না;
- ওভারটেকিং নিষিদ্ধ এলাকা, রাস্তার বাঁক ও সরু ব্রিজে ওভারটেকিং করবেন না; এবং
- নেশাজাতীয় দ্রব্য সেবন করে, ঘুমঘুম ভাব হলে ও শারীরিক অসুস্থতা নিয়ে গাড়ি চালাবেন না।

যানবাহন চলাচল নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্ত যে কোনো প্রয়োজনে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের সাথে (ফোন: ৫৫০৪০৭৩৭, মোবাইল: ০১৫৫০০৫১৬০৬) যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।



বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)




(শেখ মোহাম্মদ মাহবুব-ই-রহমানী)
পরিচালক (রোড সেফটি)
ফোন: ৫৫০৪০৭১৮

পরিচালক (এনফোর্সমেন্ট)
বিআরটিএ সদর কার্যালয়
বনানী, ঢাকা-১২১২।

অনুলিপি:

১. প্রোগ্রামার, অপারেশন শাখা, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা (প্রেস রিলিজটি বিআরটিএ'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।